INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

# 'কল ফর পেপারস' এর নির্দেশিকা

*পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বান্ধব স্থানীয় খাদ্য ব্যবস্থা*

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক বিশ্বব্যাপী অনুষ্ঠান যেখানে কিশোর-কিশোরী এবং যুবক-যুবতীরা উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্য এবং পুষ্টি প্রচারের জন্য তাদের অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার, পুষ্টি সম্পর্কিত তাদের উদ্বেগ এবং চ্যালেঞ্জগুলি প্রকাশ করার এবং কার্যকর সমাধান অনুসন্ধান করার এবং নেটওয়ার্ক তৈরি করার সুযোগ পায়। বিড ফাউন্ডেশন ২০১৭ সাল থেকে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় এই কর্মসূচি আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫, এই উদ্যোগের ৮ম সংস্করণ ২৪-২৫ই এপ্রিল বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত হবে। শিশু-কিশোর এবং যুবক-যুবতীদের একক এবং দলগতভাবে নিউট্রিশন ক্লাবগুলির নেটওয়ার্কের মাধ্যমে জড়িত হতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, প্রকল্প প্রস্তাবনা, কর্মশালা, প্রশিক্ষণ ও পোস্টার প্রদর্শনীর আয়োজন করা হবে, কল ফর পেপারস এবং কল ফর পোস্টার সহ মোট ১৭ টি প্রতিযোগিতা এবং ৪ টি সেমিনার অনুষ্ঠিত হবে। ১১ বছর এবং এর বেশি বয়সী যে কেউ 'কল ফর পেপারস' বিভাগে অংশগ্রহণ করতে পারবেন। 'কল ফর পেপারস'- এর নির্দেশিকা নিচে দেয়া হলো:

**কল ফর পেপারস**

এই বিভাগটি কিশোর, যুবক, তরুণ পেশাদার এবং পেশাদারদের স্থানীয় খাদ্য ব্যবস্থার রূপান্তর এবং অপুষ্টির চ্যালেঞ্জ মোকাবেলায় সৃজনশীল ধারণা ভাগ করে নিতে উৎসাহিত করে।

নির্বাচিত পেপারগুলি বিড ফাউন্ডেশন কর্তৃক পাইলটিং এবং বাস্তবায়নের জন্য বিবেচনা করা হবে।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ এ | গ্রুপ বি |
|---|---|
| ১১-২৪ | ২৫+ |

**প্রতিপাদ্য বিষয়:**

ইন্টারন্যাশনাল নিউট্রিশান অলিম্পিয়াড ২০২৫ এর থিমের সাথে প্রাসঙ্গিক।

**যোগ্যতা:**

- প্রতিযোগীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'কল ফর পেপারস' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
- ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীরাও দলবদ্ধ হয়ে অংশগ্রহণ করতে পারবেন।
- প্রতিযোগীদের মৌলিক আইটি সুবিধা [ফোন, ইমেইল, হোয়াটসঅ্যাপ, জুম অ্যাকাউন্ট] থাকতে হবে।

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫-এর নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটে রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'কল ফর পেপারস' নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশনের সময়সীমা:** মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

**জমা দেয়ার সময়সীমা:** এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

**কল ফর পেপারস প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ**

**১. প্রতিযোগীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেইল।

**২. প্রস্তাবের শিরোনাম:**

- সংক্ষিপ্ত, সুনির্দিষ্ট এবং গবেষণার বিষয়বস্তুর প্রতিফলনশীল হতে হবে।
- সংক্ষিপ্ত রূপ এড়িয়ে চলুন।

**৩. পেপারস এর কাঠামো (২ পৃষ্ঠা, ৫০০ শব্দ):**

পটভূমি, সমস্যা বিবৃতি, পেপারস এর শিরোনাম, উদ্দেশ্য, যুক্তি, প্রত্যাশিত ফলাফল, বাস্তবায়ন কৌশল, কার্যক্রম, সময়রেখা, বাজেট, উপসংহার, তথ্যসূত্র

**৪. কীওয়ার্ড:**

পেপারস এর সাথে প্রাসঙ্গিক ৩-৪ টি কিওয়ার্ড অন্তর্ভুক্ত করুন।

**৫. ফর্ম্যাটিং:**

ফন্ট: Gill Sans MT (ইংরেজি) অথবা kalpurush (বাংলা)

ফন্ট সাইজ: ১২, বিশেষ ফর্ম্যাটিং ছাড়াই প্লেইন টেক্সট, A4 সাইজ পেপার

**৬. ভাষা:** ইংরেজি এবং বাংলা

**৭. জমা এবং নির্বাচন প্রক্রিয়া:**

অংশগ্রহণকারীরা গুগল ফর্ম/ইমেইলের মাধ্যমে পোস্টার (পিডিএফ/পিপিটি) জমা দিবেন (মেইলের সাবজেক্টে 'কল ফর পেপারস' উল্লেখ করতে হবে।)

**প্রাথমিক নির্বাচন:**

- প্রতিটি বয়সের সেরা ১০ টি পেপারস ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫- এ উপস্থাপনার জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রতিটি গ্রুপ থেকে সেরা ৩টি পেপারস বিজয়ী ঘোষণা করা হবে।

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

| ক্রম | বিষয় | নাম্বার |
|---|---|---|
| ০১ | যুক্তি | ২০ |
| ০২ | লক্ষ্য অর্জনের ক্ষমতা | ৩০ |
| ০৩ | প্রভাব | ২০ |
| ০৪ | স্থায়িত্ব এবং ব্যবসায়িক মডেল | ৩০ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

- পেপারস অবশ্যই মৌলিক হতে হবে এবং পরামর্শকদাতাদের নির্দেশনা অনুসারে অংশগ্রহণকারী দ্বারা তৈরি করা যেতে পারে। AI সরঞ্জাম বা অনলাইন সহায়ক সরঞ্জাম ব্যবহার করে তৈরি করা পেপারস অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং কোন ভুলের ফলে অযোগ্য ঘোষণা করা হবে।
- ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের ঘোষণা করা হবে।

**যোগাযোগ:**

কল ফর পেপারস সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন :+৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**